

নং--১৬.০০.০০০০.০০৩.২৭.০০১.২১- ১৯৪

তারিখ : ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

বিষয়: তদন্তকালে শুনানীতে উপস্থিত হওয়া।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হজ ও ওমরাহ সংক্রান্ত বিভিন্ন সময়ে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি-১ কর্তৃক আগামী ০৫.০৪.২০২২ খ্রি. তারিখ, রোজ: মঙ্গলবার, বেলা ১১.০০ টায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (ভবন নং-০৬, কক্ষ নং-১৫১৫, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) নিম্নোক্ত এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে পুনরায় শুনানী গ্রহণ করা হবে। শুনানীকালে তাঁকে/তাদেরকে আনীত অভিযোগের বিষয়ে লিখিত জবাব এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ (যদি থাকে/প্রয়োজ্যক্ষেত্রে) উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত তারিখ ও সময়ে শুনানীতে উপস্থিত হতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, তিনি/তঁার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তিনি বা তাঁরা কোন বক্তব্য প্রদান করতে ইচ্ছুক নন।

যে এজেন্সির বিরুদ্ধে অভিযোগ	অভিযোগকারীর নাম ও ঠিকানা	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
Mahir hajj service & tours (H.L 989) house#7, road#7, section#3, kaderabad, mohammadpur, dhaka.	জনাব মো: মামুনার রশিদ পিতা- মো: হারুনার রশিদ কমলাপুর, তেতুলতলা, ফরিদপুর মোবাইল : ০১৭১১৫১৬৬৫৫	২০১২ সালের হজে দুই জন হজযাত্রীর নিকট হতে ৭,৫০,০০০.০০ (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আত্মসাৎ সংক্রান্ত।

০৩। বিষয়টি অতিব জরুরী।

৩১.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৯৫৪৬৫৯০

e-mail: morahajsection@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার, Mahir hajj service & tours (H.L 989) house#7, road#7, section#3, kaderabad, mohammadpur, dhaka. (জনাব মো: মামুনার রশিদ-কে সঙ্গে নিয়ে আসার অনুরোধসহ)
- জনাব মো: মামুনার রশিদ, পিতা- মো: হারুনার রশিদ, কমলাপুর, তেতুলতলা, ফরিদপুর (মোবা: ০১৭১১৫১৬৬৫৫), {উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো}।

নং--১৬.০০.০০০০.০০৩.২৭.০০১.২১- ১৯৪

তারিখ : ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- আস্রায়ক, তদন্ত কমিটি-১ ও অতিরিক্ত সচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত কর্মকর্তা/ব্যক্তিদের সচিবালয়ে প্রবেশে অনুমতি প্রদানের অনুরোধসহ)
- প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- অফিস কপি

৩১.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব